

প্রথম আলো

র‍্যাব সদস্যের মারধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আহত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনমাসিক বিভাগের প্রভাষক মো. সাইফুদ্দিন খান র‍্যাব সদস্যের মারধরে আহত হয়েছেন। তাঁর ডান হাতের কনুইয়ের হাড় ভেঙে গেছে। তিনি জাতীয় অর্ধশৈল্পিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে (পন্থ হাসপাতাল) চিকিৎসাধীন। রাজধানীর দক্ষিণখানে গত বুধবার সন্ধ্যায় এ ঘটনা ঘটে। ঘটনার নিষ্পত্তি জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক গতকাল বৃহস্পতিবার প্রথম আলোকে বলেন, সাইফুদ্দিন জানিয়েছেন যে র‍্যাবের এক গাড়িচালক তাঁকে মারধর করেছেন। এরপর পৃষ্ঠা ২১ কলাম ১

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক আহত

শেষ পৃষ্ঠার পর বিষয়টি র‍্যাবের মহাপরিচালককে জানানো হয়েছে। তিনি পদক্ষেপ নেন বলে আশ্বাস দিয়েছেন। এ বিষয়ে র‍্যাবের মহাপরিচালক মোখলেছুর রহমান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাঁকে বিষয়টি জানিয়েছেন। তিনি তাত্ক্ষণিকভাবে ওই র‍্যাব সদস্যকে বুজে বের করার নির্দেশ দিয়েছেন এবং বিষয়টি তদন্তের ব্যবস্থা করেছেন। র‍্যাবের সদস্য দোষী হলে তাঁর বিরুদ্ধে অবশ্যই কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

আহত শিক্ষক সাইফুদ্দিন মুঠোফোনে প্রথম আলোকে বলেন, বুধবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে গাওয়াইরের র‍্যাব থেকে ধতরবাড়িতে যাওয়ার জন্য গাড়ি ডাড়া করতে যান। তিনি গলির মুখে থাকা র‍্যাবের হলুদ রঙের গাড়ি (ট্যান্ডিক্যাব) সরানোর জন্য গাড়িচালক জাপস করপোরাল নুরুল আমিনকে অনুরোধ করেন। কিন্তু তিনি তোর এত বড় সাহস, র‍্যাবের গাড়ি সরতে বলিস বলেই তাঁর ওপর চড়াও হন এবং মারতে থাকেন। সাইফুদ্দিন বলেন, আমি ঢাকা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিচয় দেওয়ার পর সে আরও বেশি মারধর করে। আমি একজন শিক্ষক, আর বর্ণনা দিতে পারব না। তিনি জানান, তিনি বুকেও আঘাত পেয়েছেন। তাঁর হাতে অস্ত্রোপচার করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মো. অহোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক এম অহিদুজ্জামান মৌখিক বিবৃতিতে এ ঘটনার তীব্র নিষ্পত্তি এবং দোষী র‍্যাব সদস্যের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।